



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫

পরীক্ষা বিভাগ

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২২২

তারিখ : ১৯/০১/২০১৭

পরিচালক

এস.এস.এস বিভাগ

বাউবি, গাজীপুর-১৭০৫।

বিষয় : বিএ/বিএসএস প্রোগ্রামের একজন শিক্ষার্থীর এক পরীক্ষা বৎসরে সর্বোচ্চ ১০ (দশ) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২২২, তারিখ : ১২/১২/২০১৬

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা- ২০১৫এ ১০টির অধিক কোর্সে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের আঞ্চলিক কেন্দ্র হতে ১০টি কোর্স নির্ধারণ করে তার তালিকা ১৫/১২/২০১৬ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রে বর্ণিত স্মারকে আপনার বরাবর পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)।

২। উল্লিখিত বিষয়ে কেবলমাত্র ময়মনসিংহ ও বরিশাল আঞ্চলিক কেন্দ্র হতে তালিকা পাওয়া গিয়েছে। অন্য ১০টি আঞ্চলিক কেন্দ্র থেকে উল্লিখিত তালিকা এখনও পরীক্ষা বিভাগে পাওয়া যায়নি। ফলে উক্ত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, ১০টির অধিক কোর্সে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের আঞ্চলিক কেন্দ্র হতে ১০টি কোর্স নির্ধারণ করে তার তালিকা আগামী ৩০/০১/২০১৭ তারিখের মধ্যে Soft কপি exam.cu@bou.edu.bd ই-মেইল ঠিকানায় এবং Hard কপি পরীক্ষা বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী এবং গুরুত্বপূর্ণ।

নির্দেশক্রমে-

(এ.এস.এম.মোমাম আলম)

যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

বিতরণ : কার্যার্থে।

- ✓ পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
২. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
৩. প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতির জন্য।

১. ডীন, এসএসএইচএল, বাইবি।
২. রেজিস্ট্রার, বাউবি।
৩. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সংরক্ষণ নথি।